

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে
বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ
শিক্ষক জোটের
আত্মপ্রকাশ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে আত্মপ্রকাশ
করেছে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ শিক্ষক
জোট'। পদার্থবিজ্ঞান বিভাগের
সহযোগী অধ্যাপক ড. মো. আবু
তাহেরকে আহ্বায়ক ও লোকপ্রশাসন
বিভাগের সহকারী রশিদুল হাসান
শেখকে সদস্য সচিব করে নতুন এ
সংগঠনের যাত্রা শুরু হয়েছে।

গতকাল সোমবার সংগঠনের
শিক্ষকরা এক সংবাদ বিজ্ঞপ্তিতে
জানিয়েছেন, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের
চেতনায় বিশ্বাসী এবং সেই চেতনা
লালন ও ধারণকারী প্রগতিশীল
শিক্ষকদের সংগঠন এটি।